



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৯

জাতীয় শোক দিবস উপলক্ষে রাজশাহী পিআইডিতে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

রাজশাহী; ৩১ শ্রাবণ (১৫ আগস্ট):

আজ সোমবার ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসে (পিআইডি) আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান বঙ্গবন্ধুর বর্ণাঢ্য রাজনৈতিক ও কর্মময় জীবনের বিভিন্ন দিক তুলে ধরে দিকনির্দেশনামূলক বক্তৃতা করেন।

বক্তব্যের শুরুতে উপপ্রধান তথ্য অফিসার ৭৫'র ১৫ আগস্টে শহিদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন।

পরে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল পরিচালনা করেন পিআইডি'র তথ্য অফিসার মোঃ আতিকুর রহমান শাহ্।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/সাইদুর/২০২২/১৫.০০ঘ.